

বাংলাদেশ মুক্তিমন্ত্রী কোর্ট

আপীল বিভাগ

প্রেস বিজ্ঞপ্তি

৪ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ তারিখ রোজ বুধবার সন্ধ্যা ৭:০০ ঘটিকায় বাংলাদেশের প্রধান বিচারপতি ড. সৈয়দ
রেফাত আহমেদ মহোদয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুসের সঙ্গে
রাষ্ট্রীয় অতিথি ভবন মনুষ্য সৌজন্য সাক্ষাত করেন। অন্তর্বর্তীকালীন সরকার গঠনের পর উভয়ের মধ্যে এটিই প্রথম একান্ত
সাক্ষাতের ঘটনা। প্রায় ৩০ মিনিট ব্যাপী স্থায়ী এই সাক্ষাতে তাঁরা পরস্পর বিভিন্ন বিষয়ে মতবিনিময় করেন।

সাক্ষাতকালে মাননীয় প্রধান বিচারপতি মাননীয় প্রধান উপদেষ্টাকে জাতির এই ক্রান্তিলগ্নে দেশ পরিচালনার
গুরুদায়িত্ব গ্রহণ করার জন্য আনুষ্ঠানিক ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়া, মাননীয় প্রধান বিচারপতি মহোদয় ২৫তম প্রধান
বিচারপতি হিসেবে দায়িত্ব গ্রহণের পর হতে জুলাই বিপ্লবের প্রেক্ষাপট ও চেতনার আলোকে বিচার বিভাগকে আরও জনপুরোচিত
করার জন্য যে সকল পদক্ষেপ গ্রহণ করেছেন সে বিষয়ে অবগত করেন। তিনি মাননীয় প্রধান উপদেষ্টাকে বিচার বিভাগের
সাবিক মানোন্নয়নের তাঁর কর্তৃক ঘোষিত বিচার বিভাগীয় সংস্কারের রোডম্যাপের রূপরেখা তুলে ধরেন এবং রোডম্যাপ
বাস্তবায়নের হালনাগাদ তথ্যাদি উপস্থাপন করেন। এছাড়া, মাননীয় প্রধান বিচারপতি রাষ্ট্র সংস্কারে মাননীয় প্রধান উপদেষ্টা
কর্তৃক গৃহীত বিভিন্ন পদক্ষেপের প্রশংসা করেন এবং আশাবাদ ব্যক্ত করেন যে মাননীয় প্রধান উপদেষ্টার বিচক্ষণ নেতৃত্বে
দেশে স্থান প্রতিষ্ঠার মাধ্যমে গণমানুষের অধিকার পুনঃপ্রতিষ্ঠিত হবে।

আলোচনাকালে মাননীয় প্রধান উপদেষ্টা মহোদয় মাননীয় প্রধান বিচারপতি কর্তৃক গৃহীত বিভিন্ন পদক্ষেপের
প্রশংসা করেন। তিনি আশাবাদ ব্যক্ত করেন যে অন্তর্বর্তীকালীন সরকার ও মাননীয় প্রধান বিচারপতি বিচার বিভাগ সংস্কারে
যে সকল পদক্ষেপসমূহ গ্রহণ করেছে তা সফলভাবে বাস্তবায়িত হলে বিচার বিভাগের স্বাধীনতা নিশ্চিত হবে এবং এদেশের
বিচারপ্রার্থী জনগণ স্বল্প সময় ও খরচে বিচারসেবা পেতে সক্ষম হবে।